B.A./5th Sem (G)/BEN/22(CBCS)

# 2022

## 5th Semester Examination

## BENGALI (General)

### Paper : DSE 1A/2A-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**[ বাংলা নাটক ও কবিতা ]**

**বিভাগ - ক**

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'কৃষ্ণকুমারী' নাটকের কয়টি অংক ও দৃশ্য আছে? ২

২। 'কৃষ্ণকুমারী' নাটকের দুটি পুরুষ ও দুটি নারী চরিত্রের নাম লেখো। ২

৩। 'বাংলার রবি জয়দেব কবি কান্ত কোমল পদে,' — এটি কার লেখা কোন্ কবিতার অংশ? ২

৪। 'জন্মিলে মরিতে হবে,/ অমর কে কোথা কবে' — এটি কার লেখা কোন্ কবিতার অংশ? ২

৫। বন্যার জল, তবু ঝরে জল,/প্রলয় কাঁদনে ভাসে ধরাতল।' — এটি কার লেখা কোন্ কবিতার অংশ? ২

৬। অমিয় চক্রবর্তীর ‘সংগতি’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। ১+১

৭। শক্তি চট্টোপাধ্যায়ের ‘অবনী বাড়ি আছো’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো। ১+১

৮। ‘দেবতা তবুও ধরেছে মলিন ঝাঁটা’ — কার লেখা কোন্ কবিতার অংশ এটি? ১+১

৯। ‘কৃষ্ণকুমারী’ নাটকটি কত সালে প্রকাশিত হয়েছিল? এটি কোন্ শ্রেণির নাটক? ১+১

১০। ‘বলাকা’ কাব্যটি কবে প্রকাশিত হয়? ‘বলাকা’ কবিতাটি কাব্যের কত সংখ্যক কবিতা? ১+১

১১। ‘বাঙালি অতিশ লঙ্ঘিল গিরি তুষারে ভয়ংকর’ — কোন্ কবিতার অংশ এটি? এখানে অতিশ বলতে কার কথা বলা হয়েছে? ১+১

১২। ‘জীবন, জীবন-মোহ,/ভাষাহারা বুকে স্বপ্নের বিদ্রোহ’, — কার লেখা কোন্ কবিতার অংশ? ১+১

১৩। ‘মধুময় তামরস কি বসন্ত, কি শরদে!’ — কার লেখা কোন্ কবিতার অংশ? ১+১

১৪। ‘বৃষ্টি পড়ে এখানে বারোমাস/এখানে মেঘ গাভীর মতো চরে’ — কার লেখা কোন্ কবিতার অংশ? ১+১

১৫। ‘সে এসে সহসা হাত রেখেছিল হাতে,/ চেয়েছিল মুখে সহজিয়া অনুরাগে’, — কার লেখা কোন্ কবিতার অংশ? ১+১

## বিভাগ - খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। ‘সে ভুলে ভুলুক, কোটি মন্বন্তরে/আমি ভুলিব না, আমি কভু ভুলিব না।’ — কার লেখা কোন্ কবিতার অংশ এটি? কোন্ প্রসঙ্গে এ কথা বলা হয়েছে, তা আলোচনা করো। ২+৩

১৭। ‘আমরা হেলায় নাগেরে খেলাই, নাগেরি মাথায় নাচি।’ — কার লেখা কোন্ কবিতার অংশ এটি? কোন্ প্রসঙ্গে কবি একথা বলেছেন, তা আলোচনা করো। ২+৩

১৮। ‘মধুহীন করো না গো তব মনঃকোকনদে।’ — কার লেখা কোন্ কবিতার অংশ এটি? কবি কেন এই উক্তিটি করেছেন, তা লেখো। ২+৩

১৯। ‘আমি কলিকালের মেয়েমানুষ বটি; কিন্তু তুমি যে স্বয়ং কলি অবতার।’ — কে, কাকে কোন্ প্রসঙ্গে একথা বলেছেন, তা আলোচনা করো। ৫

২০। ‘লোকে যাকে নরপতি বলে, বিশেষ বিবেচনা করে দেখলে, সে নরদাস বৈ নয়।’ — কে, কাকে কোন্ প্রসঙ্গে একথা বলেছেন, তা আলোচনা করো। ২+৩

২১। ‘আধেকলীন হৃদয়ে দূরগামী/ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি।’ কবি কোন্ প্রসঙ্গে একথা বলেছেন, তা আলোচনা করো। ৫

## বিভাগ - গ

যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। ‘কৃষ্ণকুমারী’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

২৩। ‘সংগতি’ কবিতায় পরস্পরবিরোধী নানা বর্ণনার মধ্যে দিয়ে কবি অমিয় চক্রবর্তী যেভাবে তাঁর জীবনভাবনা ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

২৪। ‘অবনী বাড়ি আছো’ কবিতায় অবনী কে? কবিতার এরূপ নামকরণের কারণ কী, তা নিজের ভাষায় ব্যক্ত করো। ১০

২৫। সুধীন্দ্রনাথ দত্তের ‘শাশ্বতী’ কবিতায় শাশ্বত প্রেম-ভাবনার যে পরিচয় ফুটে উঠেছে, তার পরিচয় দাও। ১০

---

P.T.O.

অথবা

[ রবীন্দ্রনাথ ]

বিভাগ - ক

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও।  ২×১০=২০

১। ‘ডাকঘর’ নাটকের ইংরেজি অনুবাদ কে করেছিলেন? ইংরেজি অনুবাদটির নাম কী?  ১+১

২। ‘ডাকঘর’ নাটকের চারটি চরিত্রের নাম লেখো।  ২

৩। ‘ডাকঘর’ নাটকে মাধবদত্ত চরিত্রটি অমলের কে? তিনি কেন অমলকে পুত্ররূপে গ্রহণ করেছিলেন?  ১+১

৪। ‘হায় আমার কপাল’ — কে কেন এইকথা বলেছিল?  ১+১

৫। ‘ডাকঘর’ নাটকে অমলকে কে ভিক্ষা করতে শেখাবে বলেছিল? তার পরিচয় দাও।  ১+১

৬। ‘ডাকঘর’ নাটকে সুধা তার অবসর জীবন কীভাবে যাপন করবে বলে জানায়?  ২

৭। ‘জীবনস্মৃতি’ কোন্ পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হতে শুরু করে?  ২

৮। কান্নার জোরে শৈশবে রবীন্দ্রনাথ কোন্ স্কুলে ভর্তি হয়েছিলেন? সেখানে পড়া না পারলে কী শাস্তির ব্যবস্থা ছিল?  ১+১

৯। শিশু বয়সে কোন্ দুটি গ্রন্থের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথের পড়া শুরু হয়েছিল?  ২

১০। শিশু রবীন্দ্রনাথের বাড়িতে যে চাকর ছিল তার নাম কী? সে কোন্ জেলার লোক ছিল? ১+১

১১। 'তোমাকে পদ্য লিখিতে হইবে' — 'জীবনস্মৃতি' গ্রন্থে কে কাকে একথা বলেছে? ২

১২। কলকাতায় কোন্ রোগের প্রকোপে রবীন্দ্রনাথ সপরিবারে কোথায় আশ্রয় নিয়েছিলেন? ২

১৩। কে রবীন্দ্রনাথকে বাংলা তর্জমায় 'কুমারসম্ভব' পড়িয়েছিলেন? তিনি কার পুত্র? ২

১৪। কে রবীন্দ্রনাথকে সংস্কৃত পড়ানোর দায়িত্ব নিয়েছিলেন? তিনি রবীন্দ্রনাথকে কোন্ মহান ব্যক্তির সঙ্গে দেখা করিয়েছিলেন? ১+১

১৫। 'স্বপ্নপ্রয়াণ কাব্যের ওপরে তাঁহার গভীর শ্রদ্ধা ও প্রীতি ছিল।' — তাঁর বলতে এখানে কার কথা বলা হয়েছে? স্বপ্নপ্রয়াণ গ্রন্থটির রচনাকার কে? ১+১

## বিভাগ - খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। রূপক-সাংকেতিক নাটক হিসেবে ডাকঘর কতটা সার্থক, তা সংক্ষেপে আলোচনা করো। ৫

১৭। 'ডাকঘর' নাটকের সংলাপের সার্থকতা বিচার করো। ৫

১৮। 'ডাকঘর' নাটকের অপ্রধান চরিত্রগুলি নাটকের মূল ভাবনা বিকাশে কতটা সহায়ক হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫

১৯। 'জীবনস্মৃতি' আসলে রবীন্দ্রনাথের লেখকসত্তার ক্রমবিকাশের সূচনা পর্বের স্মৃতি — মন্তব্যটির যৌক্তিকতা সংক্ষেপে আলোচনা করো। ৫

২০। 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে হিমালয় যাত্রার সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৫

২১। 'জীবনস্মৃতি'-কে রবীন্দ্রনাথের আত্মজীবনী বলা কতটা যুক্তিযুক্ত, তা সংক্ষেপে আলোচনা করো। ৫

## বিভাগ - গ

যে কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'ডাকঘর' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

২৩। 'ডাকঘর' নাটকের অমল চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

২৪। 'জীবনস্মৃতি' গ্রন্থে ঠাকুর পরিবারের যে চিত্র ফুটে উঠেছে, তার বর্ণনা দাও। ১০

২৫। 'জীবনস্মৃতি' গ্রন্থে রবীন্দ্রনাথের বিদ্যাশিক্ষা সম্পর্কে যা জানা যায় তা আলোচনা করো। ১০

---